

ছাত্রাবস্থায় চাকরি করার উপর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা

॥ চট্টগ্রাম অফিস ॥

ছাত্রাবস্থায় কোন ধরনের চাকরি করা যাবে না মর্মে একটি প্রজ্ঞাপন জারি করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। এতে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শাঃ ১৮/বিবিধ/৮/২০০৭/৭৭৭-এর পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীকে জানানো যাবে যে, বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী ছাত্রাবস্থায় কোন শিক্ষার্থীর চাকরি করার সুযোগ নেই। এ প্রেক্ষিতে গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. জহিরুল ইসলাম স্বাক্ষরিত প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, এটি জারির পর কোন ছাত্র-ছাত্রী সাবৈদিকভাসে কোন প্রকার চাকরিতে জড়িত থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণপূর্বক শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অবহিত করা হবে। গতকাল এ প্রজ্ঞাপন জারির পর স্বতঃস্ফূর্তভাবে বিভিন্ন চাকরিতে জড়িত থাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় হাজারের অধিক ছাত্র-ছাত্রীর মধ্যে ফোন ও হতাশা বিস্তারিত করছে।